JUN. 2 2002

# মহিলা বিজ্ঞানী সমিতির সংবর্ধনা অনুষ্ঠান

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক জিন্নাতুন নেসা তাহমিদা বেগম পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারপারসন হিসাবে নিয়োগ পাওয়ায় বাংলাদেশ মহিলা বিজ্ঞানী সমিতি গতকাল এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে তাকে সংবর্ধনা প্রদান করে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক খলিলুর রহমান এবং উ.. বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. আবুল বাশার। সংগঠনের সভানেত্রী ড. গুলরু বেগম সুফির সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন ড. আয়শা মনিম, ড. নুরুজাহান সরদার, ড. নুরুন্নাহার রহমান প্রমুখ।

সংবর্ধিত জিন্নাতুন নেসা তাহমিদা বেগম বলেন, বিজ্ঞানই আমাকে শিখিয়েছে গবেষণার পেছনে লেগে থাকতে হবে এব তাহলেই সফলতা আসবে। আমা দেশের মেয়েরা মেধাবী হলেও সঠিক মূল্যায়িত না হওয়ায় কর্মক্ষেত্রে পিছিয়ে পড়ে।

সবশেষে শিশুদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।



বাংলাদেশ মহিলা বিজ্ঞানী সমিতি গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নবনিযুক্ত চেয়ারপারসন ড. জিনাতুন নিসা তাহমিদা বেগমকে সংবর্ধনা প্রদান করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আনোয়ার উল্লাহ চৌধুরী -যুগান্তর

JUL. 04 2002